

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি হালনাগাদকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : নাছিমা বেগম এনডিসি, সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
তারিখ ও সময়ঃ : ১০ ডিসেম্বর, ২০১৭, বেলা ২:০০ ঘটিকা।
স্থানঃ : সচিব মহোদয়ের অফিস কক্ষ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে মহান জাতীয় সংসদে মহামান্য রাষ্ট্রপতির ভাষণ ও মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ, জাতীয় সংসদের প্রশ্নোত্তর, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদনসহ বিভিন্ন প্রতিবেদনের জন্য মন্ত্রণালয়ের কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি দপ্তর/সংস্থা হতে চাওয়া হয়। অনেক সময় হালনাগাদ তথ্যের পরিবর্তে পুরনো তথ্য দেয়া হয় যা অনভিপ্রেত। সভাপতি এতে অসন্তোষ প্রকাশ করে বলেন দপ্তর/সংস্থা হতে প্রেরিত হালনাগাদ তথ্যাদির যথার্থতা উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্তৃক নিশ্চিত হওয়া প্রয়োজন। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন প্রতিবেদনের জন্য চাহিত তথ্যাদি দপ্তর/সংস্থা থেকে সময়মত পাওয়া আবশ্যিক। সভাপতি সময়মত চাহিত তথ্যাদি প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেন।

২। সভায় এসব বিষয় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (১) অধীনস্থ দপ্তর/সংস্থা তাদের কার্যক্রমের তথ্যাদি তিন কার্যদিবসের মধ্যে হালনাগাদ/সংশোধন করে প্রতিবেদনে স্বাক্ষরসহ মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং স্ব ওয়েব-সাইটে প্রকাশ করবে।
- (২) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রমের তথ্যাদি হালনাগাদের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হল। কমিটি দপ্তর/সংস্থা হতে প্রতিমাসে হালনাগাদ তথ্যাদি সংগ্রহ করে সমন্বিত আকারে অনুমোদন নিয়ে মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে প্রকাশ করবে এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবে।

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - আহ্বায়ক
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - সদস্য
৩. সিনিয়র সহকারী প্রধান (প্লাউ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - সদস্য
৪. গবেষণা ও মনিটরিং কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, (সংযুক্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়) - সদস্য
৫. প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - সদস্য
৬. উপ-সচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - সদস্য-সচিব

- (৩) দপ্তর/সংস্থা তাদের কার্যক্রমের তথ্যাদি হালনাগাদ করার জন্য ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করবে। উক্ত কমিটি তথ্য হালনাগাদ/সংশোধন করে দপ্তর/সংস্থার প্রধান কর্তৃক অনুমোদন করিয়ে প্রেরণ করবে। প্রেরিত তথ্য/প্রতিবেদনে দপ্তর/সংস্থার প্রধানগণের স্বাক্ষর থাকতে হবে।
- (৪) মহামান্য রাষ্ট্রপতির ভাষণ, মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ, ত্রৈমাসিক, বার্ষিক প্রতিবেদন ইত্যাদির ক্ষেত্রে মন্ত্রণালয়ের কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি বুলেট আকারে প্রেরণ করতে হবে।
- (৫) নির্ধারিত সময়ের পূর্বে নির্ভুল তথ্য প্রেরণের বিষয়ে দপ্তর/সংস্থা প্রধান এবং ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী হবেন। এ বিষয়ে কোন প্রকার অবহেলা দাপ্তরিক শৃঙ্খলা পরিপন্থী হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তাং- ১৩/১২/২০১৭ খ্রিঃ

(নাহিমা বেগম, এনডিসি)

সচিব

তারিখঃ ১৩/১২/২০১৭খ্রিঃ


নং-৩২.০০.০০০০.০৪২.০৯.০১৭.১৬-৬৫৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ঃ ও পরিঃ/শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩. নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, জায়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাপা প্লাজা (৫ম তলা), ধানমন্ডি, ঢাকা।
৫. যুগ্মসচিব (মবিঅ/উন্নয়ঃ/প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৭. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৮. পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৯. উপ-সচিব (অঃ ও বাঃ/সেল/প্রশিক্ষণ/শিশু ও সমন্বয়/মবিঅ-২/উন্নয়ন-২/উপ-প্রধান), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প।
১১. অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১২. উপ-পরিচালক(ম্যাজিস্ট্রেট), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান(সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৪. সহকারী সচিব (সকল)/প্রোগ্রামার/সহঃ প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৫. গবেষণা ও মনিটরিং কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, (সংযুক্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়), বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।


১৩/১২/২০১৭
(কোহিনূর নাহার)
সহকারী সচিব